

## মেধাবী ছাত্রছাত্রীদের জন্য ফোর্থ আর-এর আজীবন স্কলারশিপ

এ বছরের এসএসসি পরীক্ষার ফলাফলে যারা এ+ পেয়েছে তাদের মধ্যে থেকে 'আগে এলে আগে পাবে' ভিত্তিতে প্রথম দশজন মেধাবী ছাত্রছাত্রীদের জন্য আজীবন স্কলারশিপের ব্যবস্থা করেছে যুক্তরাষ্ট্রভিত্তিক আইটি প্রতিষ্ঠান সি ফোর্থ আর অফ বাংলাদেশ। এ স্কলারশিপের জন্য নির্বাচিত মেধাবী ছাত্রছাত্রীরা আজীবন তাদের সুবিধাজনক সময়ে ফোর্থ-এর ইয়ুথ ও এডাল্ট আইটি প্রোগ্রামের অধীনে যেকোন প্রশিক্ষণ কোর্স বিনামূল্যে সম্পন্ন করতে—এমনকি সরাসরি যুক্তরাষ্ট্র থেকে সার্টিফাইড হতে পারবে। মেধাভিত্তিক শিক্ষকের তত্ত্বাভাষণে তথা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বাস্তব মেধাবীদের অংশগ্রহণকে উৎসাহিত করার লক্ষ্যেই ফোর্থ আর-এর এ অয়োজন। অ্যাডমিটের হক, চেয়ার (৫ম তলা), ৮৯/২, পশ্চিম পাটুলপাড়া, ধানমন্ডি, ঢাকা-১২০৫, ফোন: ৯১৩৬৮৬৭-৭০ ঠিকানায় অতিসত্বর যোগাযোগ করতে বলা হয়েছে। উল্লেখ্য, ফোর্থ আর মূলত দু'ধরনের প্রোগ্রামের আওতায় তাদের বিভিন্ন কোর্স কারিকুলাম অকার্য করে থাকে—তন্মধ্যে প্রথমটি হলো ইয়ুথ প্রোগ্রাম (৩-১৮ বছর বয়সীদের জন্য)। এ প্রোগ্রামটি আবার দু'টি ভিন্ন ধাপে সম্পন্ন হয়ে থাকে, যার প্রথমটি মিশন কন্ট্রোল আর দ্বিতীয় ধাপটিকে বলা হয় মিশন কমপ্লিট বা এডভান্স পর্যায়। প্রথম ধাপটি শেষ করে দ্বিতীয় ধাপটি সম্পন্ন করার মাধ্যমে স্টুডেন্টদের মূলত Microsoft Office User Specialist (MOUS) এবং European/International Computer Driving License (ECDL/ICDL) সার্টিফিকেশনের জন্য চূড়ান্তরূপে প্রস্তুত করে তোলা হয়—যা বিশ্বব্যাপী কম্পিউটারের মৌলিক প্রশিক্ষণ ক্ষেত্রে যোগ্যতার যথার্থ স্মারক হিসেবে গণ্য। সে সঙ্গে তারা Robotics, Programming প্রভৃতিতেও দক্ষতা অর্জন করে থাকে। ফোর্থ আর-এর দ্বিতীয় প্রোগ্রামটি ১৮ বছর বা তদুর্ধ্বদের উপযোগী করে সাজানো, এরও আবার দু'টি ভিন্ন মডিউল রয়েছে। প্রথমটির ক্ষেত্রে প্রচলিত বিভিন্ন ডেভেলপমেন্ট সার্টিফিকেশন কোর্সসমূহ তথা MCP, MCSE, MCSD,

MCDBA, MCAD, MCSA, MOUS, CIW, A+, Network+, Server+, i-net+, OCP SCJP, CCNA প্রভৃতি করাণো হয়। আর অপরটি হচ্ছে ফোর্থ আর-এর নিজস্ব বিভিন্ন সার্টিফিকেশন কোর্সসমূহ, যেগুলো মূলত ডেভেলপমেন্ট সার্টিফাইড বিভিন্ন কোর্স কারিকুলামের সঙ্গে ফোর্থ আর-এর ব্যবস্থাপনায় স্টুডেন্টদের কারিগরি ডেভেলপমেন্টমুখী বিভিন্ন প্রোগ্রাম তথা English Language Skill, Resume Writing, Interview Technique প্রভৃতির সমন্বয়। উল্লিখিত ইয়ুথ ও এডাল্ট আইটি প্রোগ্রামের অধীনে ফোর্থ আর বিশ্বের মোট ৬টি মহাদেশের ৪০টিরও অধিক দেশে ১২ সতাত্ত্বিক কেন্দ্রের মাধ্যমে তাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে বলে জানা গেছে।

নাসির আহমেদ



আপন কম্পিউটারের CEO সিড জবস সফটওয়্যার মার্কওয়ার্ল্ড কনফারেন্সে এক সংক্ষিপ্ত বক্তৃতা দেন। নিউইয়র্কে অনুষ্ঠিত এক প্রদর্শনীতে তিনি যাক কম্পিউটারের জন্য কিছু নতুন সফটওয়্যার এবং গেজেট অবমুক্ত করেন।